



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৩.২৩.১৯০৪

তারিখ: ১০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: রিট পিটিশন নং ৪৯১৩/২০২২ এর আদেশ মোতাবেক ০৭/০৪/২০২২খ্রি. তারিখের আবেদন নিষ্পত্তিকরণ প্রসঙ্গে

সূত্র: (০১) নং বামাশিবো/প্রশা/২২৪২১১২৬৪৪১/৫৩২৯১/নথি নং - তারিখ: ১৯-০১-২০২২ খ্রি:

(০২) নং-বামাশিবো/প্রশা/২৩৩২১১২৬৪৪১/নরসিংদী-৪৩/৮৬২/২, তারিখ: ২৭/০৯/২০২২খ্রি.

(০৩) স্মারক নম্বর: ০৫.৩০.৬৮৫২.০১৩.১৮.০০৫.২২-১০০, তারিখ: ০৭/০২/২০২৩খ্রি.

(০৪) নং-বামাশিবো/প্রশা/নরসিংদী-৪৩/৮৭৪/৪, তারিখ: ১৩/১২/২০২২খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের আলোকে জানানো যাচ্ছে যে, কোচের চর ইসলামিয়া দাখিল মাদ্রাসা (ইআইআইএন নম্বর: ১১২৬৪৪) এর ম্যানেজিং কমিটি সূত্রোক্ত ০১ নং স্মারকে অনুমোদন দেয়া হয়। আজীবন দাতা সদস্য হওয়া সত্ত্বেও ভোটার তালিকায় দাতা সদস্য ক্যাটাগরিতে তাঁর নাম বাদ দিয়ে নির্বাচনী প্রতিবেদন ও ফলাফল ঘোষণা করা হয়েছে মর্মে মোঃ ইসলাম উদ্দিন গত ০৭/০৪/২০২২খ্রি. তারিখে অনলাইনে একটি অভিযোগ দাখিল করেন। পরবর্তীতে জনাব মোঃ ইসলাম উদ্দিন ০৭/০৪/২০২২খ্রি. তারিখের আবেদন বাস্তবায়নের জন্য মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৪৯১৩/২০২২ দায়ের করেন। হাইকোর্ট বিভাগ ০৭/০৪/২০২২খ্রি. তারিখের আবেদন নিষ্পত্তির আদেশ দেন। ০৭/০৪/২০২২খ্রি. তারিখের অভিযোগের প্রেক্ষিতে অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মনোহরদী, নরসিংদী-কে সূত্রোক্ত ০২নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার সূত্রোক্ত ০৩নং স্মারকে একটি তদন্ত প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, অভিযোগ প্রমাণিত হয়নি। রিট পিটিশন নং ৪৯১৩/২০২২ এর আদেশ মোতাবেক তড়িৎ নিষ্পত্তির লক্ষ্যে ম্যানেজিং কমিটির সভাপতি, সুপার ও রিটকারীকে বোর্ডে উপস্থিতি হয়ে শুনানীতে অংশগ্রহণের জন্য সূত্রোক্ত ০৪নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। পত্রের নির্দেশনা মোতাবেক সকল পক্ষ গত ২১/১২/২০২২খ্রি. তারিখে বোর্ডে উপস্থিত হলে শুনানী করা হয়। শুনানীতে সকল পক্ষের মৌখিক বক্তব্য ও দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, খসড়া ও চূড়ান্ত ভোটার তালিকায় দাতা সদস্য ক্যাটাগরিতে জনাব মোঃ ইসলাম উদ্দিনসহ ০২ (দুই) জনের নাম অন্তর্ভুক্ত আছে। দাতা সদস্য পদে ০১ টি মনোনয়নপত্র জমা পড়েছে। সমসংখ্যক প্রার্থী থাকায় বিনা প্রতিদ্বন্দিতায় নির্বাচিত হয়েছে, অর্থাৎ অভিযোগ প্রমাণিত হয়নি।

এমতাবস্থায়, অভিযোগ প্রমাণিত না হওয়ায় সূত্রোক্ত ০১ নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির বিষয়ে কোন করণীয় নেই মর্মে সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দেয়া হলো এবং এবং একই সাথে রিট পিটিশন নং ৪৯১৩/২০২২ এর আদেশ মোতাবেক ০৭/০৪/২০২২খ্রি. তারিখের আবেদনটি নিষ্পত্তি করা হলো।

২৫-০৯-২০২৩

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

০২-৯৬১২৮৫৮ (ফোন)

০২৫৮৬১৬৬৮১ (ফ্যাক্স)

info@bmeb.gov.bd

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সভাপতি, ম্যানেজিং কমিটি, কোচের চর ইসলামিয়া দাখিল মাদ্রাসা, হাতির দিয়া, মনোহরদী, নরসিংদী;
- ২। সুপার/ভারপ্রাপ্ত সুপার, কোচের চর ইসলামিয়া দাখিল মাদ্রাসা, হাতিরদিয়া, মনোহরদী, নরসিংদী এবং
- ৩। জনাব মোঃ ইসলাম উদ্দিন (রিট পিটিশন নং ৪৯১৩/২০২২ এর রিট পিটিশনার), কোচের চর, মনোহরদী, নরসিংদী।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৩.২৩.১৯০৪/১(৭)

১০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), অডিট ও আইন অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
- ২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী;
- ৩। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, নরসিংদী;
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী;
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মনোহরদী, নরসিংদী;
- ৬। পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এবং
- ৭। আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।



২৫-০৯-২০২৩
মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার